



## বাংলাদেশ দূতাবাস এথেন্স, গ্রিস

### প্রেস বিজ্ঞপ্তি: বাংলাদেশ দূতাবাস এথেন্স-এ ইলেকট্রনিক পাসপোর্ট সেবার আনুষ্ঠানিক উদ্বোধন করলেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এম পি

এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মধ্য দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আসাদুজ্জামান খান এম পি বাংলাদেশ দূতাবাসে এথেন্সে ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে ইলেকট্রনিক পাসপোর্ট সেবা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আসাদ আহমেদ, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোঃ আইয়ুব চৌধুরী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা সেবা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসুদ চৌধুরী এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কম্পুলার ও কল্যাণ) জনাব কাজি রাসেল পারভেজ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, মান্যবর রাষ্ট্রদূত ও অন্যান্য অতিথিসহ দূতাবাসের কম্পুলার শাখায় নবস্থাপিত ইলেকট্রনিক পাসপোর্ট সিস্টেম পরিদর্শন করেন এবং দূতাবাসের প্রথম ইলেকট্রনিক পাসপোর্টের আবেদনের এনরোলমেন্ট অবলোকন করেন। এরপর তিনি উপস্থিত অতিথিদের সামনে প্রথম দুইজন ইলেকট্রনিক পাসপোর্ট আবেদনকারীর কাছে তাদের রিসিপ্ত হস্তান্তর করে ইলেকট্রনিক পাসপোর্ট কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা করেন। এসময় তিনি বহুল প্রতিক্রিত ই-পাসপোর্ট -এর একটি মোবাইল ইউনিটের চাবি মান্যবর রাষ্ট্রদূতের কাছে হস্তান্তর করেন। ই-পাসপোর্ট -এর একটি মোবাইল ইউনিট প্রাপ্তির ফলে গ্রিসের দূরবর্তী দ্বীপাঞ্চল, মাল্টা ও আলবেনিয়ায় বসবাসরত বাংলাদেশিরা এথেন্সে না এসেই সেই সব জায়গায় দূতাবাস পরিচালিত কম্পুলার ক্যাম্পে ভ্রাম্যমান ইউনিটের মাধ্যমে ই-পাসপোর্ট -এর জন্য আবেদন করতে পারবেন।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন ক্ষমতা গ্রহণের পর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে ডিজিটাল বাংলাদেশের যে ভবিষ্যৎ রূপরেখা প্রনয়ন করেছিলেন তার বাস্তবায়নে ২০১০ সালে মেশিন রিডেবল পাসপোর্ট প্রবর্তন করেন এবং উন্নয়নের ধারাবাহিকতায় এই বছর চালু হল ইলেকট্রনিক পাসপোর্ট। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের পথে ইলেকট্রনিক পাসপোর্ট সেবা কার্যক্রম একটি বড় অগ্রগতি। তিনি আরও বলেন ই-পাসপোর্ট প্রবর্তনের ফলে একদিকে যেমন বাংলাদেশের মানুষের জন্য ভ্রমণকালীন পাসপোর্ট ও ইমিগ্রেশন সংক্রান্ত প্রক্রিয়া সহজতর এবং নিরাপদ হবে অন্যদিকে তেমনি বাংলাদেশের পাসপোর্ট এর আন্তর্জাতিক মান ও দেশের সুনাম বৃদ্ধি পাবে।

মান্যবর রাষ্ট্রদূত জনাব আসাদ আহমেদ করোনা মহামারির মধ্যেও গ্রীসে বাংলাদেশ দূতাবাসে ইলেকট্রনিক পাসপোর্ট সিস্টেম স্থাপনের মাধ্যমে গ্রীস, মাল্টা ও আলবেনিয়া প্রবাসী বাংলাদেশীদের ইলেকট্রনিক পাসপোর্ট গ্রহণের সুযোগলাভ কে তিনি মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তিতে প্রবাসীদের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর উপহার আখ্যা দেন এবং এই জন্য মাননীয় প্রধানমন্ত্রী এবং মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে প্রবাসী বাংলাদেশীদের এবং দূতাবাসের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং প্রবাসীদের দ্রুত ইলেকট্রনিক পাসপোর্ট গ্রহণের আহবান জানান। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোঃ আইয়ুব চৌধুরী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিরাপত্তা সেবা বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল মাসুদ চৌধুরী, জার্মান প্রযুক্তি প্রতিষ্ঠান VERIDOS gmbh এর প্রধান পরিচালন কর্মকর্তা ( COO ) মিঃ মার্ক জুলিয়ান সিওয়ার্ট এবং গ্রীস-এ বাংলাদেশ কমিউনিটির সভাপতি হাজি আব্দুল কুদ্দুস।

এথেন্স, ১৫ সেপ্টেম্বর ২০২১